

সম্মানিত অভিভাবকবৃন্দ আচ্ছালামুয়ালাইকুম। সারা বিশ্বের ন্যায় আমাদের দেশও করোনা মহামারিতে বিপর্যস্ত। এই বিপদ থেকে রক্ষার জন্য মহান সৃষ্টিকর্তার কাছে প্রার্থনা করি। আমাদের শিক্ষার্থীদের এই মহামারীর চিল্লার বাইরে রাখা এবং কিছুটা পড়াশোনামুখি করার জন্য আমরা প্রায় একমাস যাবৎ বিশেষ অনুশীলন কার্যক্রমসহ ভিডিও কনটেন্ট এর মাধ্যমে আমাদের শিক্ষাকার্যক্রম চালিয়ে যাচ্ছি।যতদিন আমরা আনুষ্ঠানিক শিক্ষা-কার্যক্রমে যেতে পারবনা, ততদিন এই ধারা অব্যাহত থাকবে। এ ক্ষেত্রে আপনাদের পরামর্শ ও সার্বিক সহযোগিতা কাম্য। বর্তমানে ব্যাংকিং কার্যক্রম স্বাভাবিক হওয়ায় সোনালি ব্যাংক, ঢা.বি. শাখা শিক্ষার্থীদের বেতন গ্রহণ করছে। আপনারা সময় সুযোগমত বেতন প্রদান করবেন। পরিস্থিতির উন্নতি না হওয়া পর্যন্ত কোন প্রকার জরিমানা প্রদান করতে হবে না। আপনারা সুস্থ থাকবেন, আমাদের সন্তানদের সর্বাত্মক মঙ্গল কামনা করছি।

অধ্যক্ষ

উদয়ন উচ্চমাধ্যমিক বিদ্যালয়,

ঢাকা বিশ্ববিদ্যালয়।